

প্রকল্পের নামঃ	মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (বিপণন অংগ)
প্রকল্প বাজেটঃ	৮৪৯.০০ লক্ষ টাকা
অর্থ প্রদানকারী সংস্থার নামঃ	জিওবি
শুরুর তারিখঃ	১লা জুলাই/২০১১
শেষ তারিখঃ	৩০শে জুন/২০১৬
প্রকল্পের অবস্থাঃ	চলমান
<p>প্রকল্পের বর্ণনাঃ</p> <p>প্রকল্পের প্রধান উদ্দেশ্যাবলিঃ</p> <ol style="list-style-type: none"> ১। প্রকল্প এলাকার কৃষকদের আয়বৃদ্ধি ও বিপণন ব্যবস্থা উন্নয়ন। ২। শস্য গুদাম (শগঞ্চক) মডেল সম্প্রসারণের মাধ্যমে কৃষকের জন্য ব্যাংক ঋণের ব্যবস্থাকরণের মাধ্যমে কৃষিপণ্যের বিপণন ব্যয় এবং সংগ্রহোত্তর অপচয় হ্রাসকরণ। ৩। প্রশিক্ষণ কার্যক্রমের মাধ্যমে কৃষি পণ্যের বিপণন ব্যয় এবং সংগ্রহোত্তর অপচয় হ্রাসকরণ <p>কার্যক্রমঃ</p> <p>বর্তমান সরকার কৃষি পণ্যের উপযুক্ত মূল্য প্রাপ্তির লক্ষ্যে বাজারের সাথে কৃষকের সংযোগ স্থাপন, বিপণন ব্যয় হ্রাস ও শস্য গুদাম ঋণ কার্যক্রম সম্প্রসারণ করে কৃষকের আয় বৃদ্ধি পূর্বক দারিদ্র বিমোচনের লক্ষ্যে ২০১১-১২ অর্থ বৎসরে মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের কাজ শুরু করেছে। কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাঙ্গা ও ঝিনাইদহ জেলার ১৯টি উপজেলায় এ প্রকল্পের কাজ চলছে। এ প্রকল্পের আওতায় ৮টি এ্যাসেম্বল সেন্টারের মধ্যে ৫টি এসেম্বল সেন্টার ও কৃষকদেরকে যুগোপযোগী প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে ১টি অফিস কাম প্রশিক্ষণ কেন্দ্রের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। বাজারে কৃষকের প্রবেশাধিকার নিশ্চিতকরণের লক্ষ্যে এ্যাসেম্বল সেন্টারগুলোর মাধ্যমে কৃষকগণ অতি সহজেই তাদের উৎপাদিত পণ্য ক্রয় বিক্রয় করে ন্যায্যমূল্য প্রাপ্ত হবে। এ প্রকল্পের মাধ্যমে কৃষক ও ব্যবসায়ী সমন্বয়ে গঠিত ২২০টি কৃষক বিপণন দলের প্রায় ২,২০০ জন দলভুক্ত কৃষক সরাসরি সুফল ভোগ করতে পারবে। এ প্রকল্পের আওতায় ২২০টি কৃষক বিপণন দল গঠন সম্পন্ন হয়েছে এবং এ পর্যন্ত প্রায় ২৪০০ জন কৃষককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।</p>	